আমি আমার খালা মায়মুনার নিকট রাত্রি যাপন করলাম। নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম রাতে সালাতে দাঁড়ালেন, আমিও তাঁর বামপাশে দাঁড়ালাম, তিনি আমার মাথা ধরে তাঁর ডানপাশে দাঁড় করালেন।

ইব্নু ‘আব্বাস রাদিয়াল্লাহু ‘আনহুমা হতে বর্ণিত, তিনি বলেন, আমি আমার খালা মায়মুনার নিকট রাত্রি যাপন করলাম। নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম রাতে সালাতে
দাঁড়ালেন, আমিও তাঁর বামপাশে দাঁড়ালাম, তিনি আমার মাথা ধরে তাঁর ডানপাশে দাঁড়
করালেন”।
[সহীহ] [মুত্তাফাকুন ‘আলাইহি (বুখারী ও মুসলিম)।]

বিশিষ্ট সাহাবী ইবন আব্বাস রাদিয়াল্লাহু আনহুমা সংবাদ দেন যে, তিনি তার ফুফু নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের স্ত্রীর নিকট রাত যাপন করেন যাতে সরাসরি রাসূলের তাহাজ্জুদ সম্পর্কে অবগত হন। রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম যখন রাতে সালাতে দাড়ালেন ইবন আব্বাসও তার সাথে সালাত আদায়ের উদ্দেশ্যে দাড়ালেন এবং রাসূলের বামে মুক্তাদী হিসেবে দাড়ালেন। কারণ, ডানই হলো উত্তম স্থান এবং মুক্তাদি যখন একজন হয় তখন ইমামের সাথে দাড়ানোর এটিই স্থান। রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তাঁর মাথা ধরলেন এবং পিছন দিয়ে তাকে ঘুরিয়ে তার ডান পাশে দাড় করালেন।

http://sunnah.global/hadeeth/bn/show/3528